

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৭৯১

কাঞ্চনপুর, ১৩ নভেম্বর, ২০২৪

১৫ নভেম্বর উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক জনজাতীয় গৌরব দিবস  
লালজুরি ব্লকে প্রস্তুতি সভা

আগামী ১৫ নভেম্বর কাঞ্চনপুর টাউন হলে উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক জনজাতীয় গৌরব দিবস উদযাপন করা হবে। এ উপলক্ষে গতকাল লালজুরি ব্লকের কনফারেন্স হলে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন লালজুরি বিএসি'র চেয়ারম্যান অজন্ত কুমার চৌধুরী। সভায় উপস্থিত ছিলেন লালজুরি, দশদা ও জম্পুইহিল ব্লকের বিডিওগণ এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় লালজুরি বিএসি'র চেয়ারম্যান অজন্ত কুমার চৌধুরী জানান, বিভিন্ন অনুষ্ঠানের মধ্যদিয়ে উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক জনজাতীয় গৌরব দিবস উদযাপন করা হবে। অনুষ্ঠানকে সফল করার জন্য তিনি সংশ্লিষ্ট সবার সহযোগিতা কামনা করেন। জেলাভিত্তিক জনজাতীয় গৌরব দিবস উদযাপন উপলক্ষে পিএম-জনমন প্রকল্পের বিভিন্ন কর্মসূচি সফল ভাবে বাস্তবায়নের জন্য জেলার বিভিন্ন ব্লকের ভিলেজগুলিকে পুরস্কৃত করা হবে।

\*\*\*\*\*